



## হাজী সেলিমের বাড়িতে যৌথবাহিনীর অভিযান, গোপন কক্ষে ৬ গাড়ি উদ্ধার



সংগৃহীত ছবি

রাজধানীর আজিমপুরে সাবেক এমপি হাজী সেলিমের মালিকানাধীন গুলশানারা মাসুদা টাওয়ারে যৌথবাহিনীর অভিযানে ছয়টি বিলাসবহুল গাড়ি উদ্ধার করা হয়েছে। গাড়িগুলোর একটি সংসদ সদস্যের লোগো সংবলিত। এ ঘটনায় ভবনের ম্যানেজারকে আটক করে জিজ্ঞাসাবাদ চলছে। রাজধানীর আজিমপুরে হাজী সেলিমের মালিকানাধীন মদিনা গ্রুপের গুলশানারা মাসুদা টাওয়ারে অভিযান চালিয়েছে যৌথবাহিনী। রোববার দুপুর ১২টার পর থেকে ভবনটি ঘিরে রেখে অভিযান পরিচালনা করা হয়। অভিযানের সময় আন্ডারগ্রাউন্ড পার্কিংয়ের একটি গোপন কক্ষ থেকে ছয়টি বিলাসবহুল গাড়ি উদ্ধার করে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। উদ্ধার হওয়া গাড়ির মধ্যে একটি সংসদ সদস্যের লোগো সংবলিত গাড়িও রয়েছে। তবে গাড়িগুলোর মালিকানা ও ব্যবহারকারীদের বিষয়ে কোনো সঠিক তথ্য দিতে পারেননি ভবনের ম্যানেজার। তাকে আটক করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। স্থানীয় সূত্র জানায়, ভবনটিতে সাধারণ বসবাস তেমন না থাকলেও আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের কিছু নেতাকর্মীর গোপনে যাতায়াত ছিল। বাড়িটিকে কেন্দ্র করে নানা ধরনের কার্যক্রম নিয়ে দীর্ঘদিন ধরেই এলাকায় গুঞ্জন রয়েছে।